সিএফও মাস্টারক্লাস ফর ইন্স্যুরেন্স কোম্পানি

রোড টু ইন্স্যুরেন্স সিএফও

পেশাদার হিসাববিদ থেকে বীমা কোম্পানির প্রধান আর্থিক কর্মকর্তা



পর্ব ০৭

মডিউল ২: আইন ও নিয়ন্ত্রণ

বীমা আইন, ২০১০ — অধ্যায়ভিত্তিক পর্যালোচনা: সিএফও-র চোখে ১৬০টি ধারা

«ঝুঁকি বুঝি, আস্থা গড়ি»

প্রস্তুতকারী: মোঃ কেরামত আলী এফসিএমএ
নির্বাহী পরিচালক, সিএফও ও কোম্পানি সচিব, BLING Leather Products Ltd.
ফেলো, ICMAB | মোবাইল: ০১৭১৬১৫০১৮০

এক নজরে বীমা আইন, ২০১০

১৩
আইন নম্বর (২০১০ সন)

১৬০
ধারা (১৯৩৮-এর আইনে ছিল ১২০)

৭
অধ্যায়

৪০
সংজ্ঞা (আগে ছিল ২৯)

আইনের ভিত্তি

- তারিখ: ১৮ মার্চ ২০১০; ধারা ১৬০-এ The Insurance Act, 1938 রহিত
- যমজ আইন: বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (১২ নং আইন) — IDRA গঠন
- দুটি তফসিল: তফসিল-১ মূলধন ও জামানত, তফসিল-২ দায় মূল্যায়নের ভিত্তি
- বাংলা ও ইংরেজি পাঠে বিরোধ হলে বাংলা পাঠ প্রাধান্য পাবে (ধারা ১৫৯(২))
- এখনো কোনো সংশোধনী আইন পাস হয়নি; সংশোধনের খসড়া পর্যালোচনাধীন

১৯৩৮-এর তুলনায় নতুন যা এলো

- লাইফ ও নন-লাইফ — দুই শ্রেণি (ধারা ৫); একই কোম্পানি দুটি নয় (ধারা ১৩)
- ইসলামী বীমা (ধারা ৭) এবং গ্রামীণ বা সামাজিক খাতে বীমা (ধারা ৬)
- কমিশনের সর্বোচ্চ সীমা (ধারা ৫৮–৫৯) ও ব্যবস্থাপনা ব্যয়ের সীমা (ধারা ৬২–৬৩)
- লাইফ ইন্স্যুরেন্স গ্রাহক নিরাপত্তা তহবিল (ধারা ১৫৬)

সূত্র: বীমা আইন, ২০১০ — বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ১৮.০৩.২০১০ (২০১০ সনের ১৩ নং আইন, পৃ. ১৫৯১–১৬৭৮), ধারা ২, ১৫৯, ১৬০ ও তফসিল; ১৯৩৮-এর তুলনা: Bangladesh Journal of Legal Studies (bdjls.org), "A Comparative Study on Insurance Act 1938 and Insurance Act 2010"। সংশোধনের অবস্থা: Insurance News BD (article 6300, 6339)।

সাত অধ্যায়ের মানচিত্র: কোথায় কত ধারা

প্রথম	প্রারম্ভিক	ধারা ১–২	২টি
দ্বিতীয়	বীমাকারীর জন্য প্রযোজ্য বিধানাবলী	ধারা ৩–১১৫	১১৩টি
তৃতীয়	মিউচ্যুয়াল বীমা কোম্পানী ও সমবায় বীমা সমিতি	ধারা ১১৬–১২৩	৮টি
চতুর্থ	মধ্যস্থতাকারী	ধারা ১২৪–১২৯	৬টি
পঞ্চম	অপরাধ ও দণ্ড	ধারা ১৩০–১৪২	১৩টি
ষষ্ঠ	বিবিধ	ধারা ১৪৩–১৫৯	১৭টি
সপ্তম	রহিতকরণ ও হেফাজত	ধারা ১৬০	১টি

লক্ষণীয়: ১৬০টি ধারার ১১৩টি (প্রায় ৭১%) দ্বিতীয় অধ্যায়ে — সিএফও-র দৈনন্দিন কাজের প্রায় সব বিধান এখানেই।

সূত্র: বীমা আইন, ২০১০ — বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ১৮.০৩.২০১০ — অধ্যায় ও ধারা বিন্যাস (bdlaws.minlaw.gov.bd/act-1037-এর সাথে মেলানো); দুটি তফসিল এর বাইরে। গণনা ও শতাংশ প্রস্তুতকারীর।

দ্বিতীয় অধ্যায়ের ভেতরে: বিষয়ভিত্তিক অংশ

৩–৭	সাধারণ: শ্রেণিবিন্যাস, গ্রামীণ ও ইসলামী বীমা	
৮–১৫	বীমাকারীর নিবন্ধন	★
১৬–২০	প্রিমিয়াম, বীমা ও পুনর্বীমা	★
২১–২৫	মূলধন ও জামানত	★★
২৬–৪২	হিসাব, নিরীক্ষা, অ্যাকচুয়ারি প্রতিবেদন ও বিবরণী	★★★
৪৩–৪৭	সলভেন্সি মার্জিন, ঋণ ও ব্যবস্থাপনা	★★★
৪৮–৫১	তদন্ত ও নির্দেশনা	★★
৫২–৫৫	একত্রীকরণ ও হস্তান্তর	★
৫৬–৫৭	পলিসির স্বত্ব হস্তান্তর ও মনোনয়ন	
৫৮–৭৩	কমিশন, রেয়াত, ব্যবস্থাপনা ব্যয় ও দাবি	★★★
৭৪–৮১	পরিচালনা ও ব্যবস্থাপনা (বোর্ড, সিইও, উপদেষ্টা)	★★
৮২–৮৬	লাইফ: লভ্যাংশ, বোনাস ও মুনাফা বণ্টন	★★★
৮৭–৯৪	লাইফ: প্রত্যর্পণ, তামাদি ও বাজেয়াপ্তকরণ	★
৯৫–১১২	প্রশাসক নিয়োগ ও অবলুপ্তি	★★
১১৩–১১৫	বহিঃকোম্পানি (বিদেশি বীমাকারী)	

★★★ সিএফও-র সরাসরি দায়িত্ব ★ জানা জরুরি

সূত্র: বীমা আইন, ২০১০ — বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ১৮.০৩.২০১০, দ্বিতীয় অধ্যায়ের উপ-শিরোনাম; গেজেটে ধারা ৯৫–১১২ একটি শিরোনামে ("প্রশাসক কর্তৃক ব্যবস্থাপনা"), যার মধ্যে ১০৩–১১২ অবলুপ্তি-সংক্রান্ত। সিএফও-গুরুত্বের তারকা চিহ্ন প্রস্তুতকারীর মূল্যায়ন।

ধারা ২৬–৩২: হিসাব, নিরীক্ষা ও রিটার্ন — সিএফও-র ক্যালেন্ডার

ধারা	বিধান	সময়সীমা / শর্ত
২৬	প্রতিটি শ্রেণি ও উপ-শ্রেণির পৃথক হিসাব; লাইফ প্রিমিয়াম পৃথক লাইফ ফান্ডে	নিরীক্ষকের প্রত্যয়িত লাইফ ফান্ড বিবরণী: বছর শেষের ৬ মাসের মধ্যে
২৭	পঞ্জিকা বছর শেষে স্থিতিপত্র, লাভ-ক্ষতি হিসাব ও রেভিনিউ হিসাব — প্রবিধানের ছকে	স্বাক্ষর: চেয়ারম্যান, ২ জন পরিচালক ও সিইও
২৮	হিসাবসমূহের বার্ষিক নিরীক্ষা	প্রতি বছর
২৯	কর্তৃপক্ষ যেকোনো সময় বিশেষ নিরীক্ষার আদেশ দিতে পারে; ধারা ২৮-এর নিরীক্ষক নন	প্রতিবেদন: নিয়োগের ৪ মাসের মধ্যে
৩০	লাইফ বীমাকারীর অ্যাকচুয়ারিয়াল অনুসন্ধান; অ্যাকচুয়ারিকে পূর্ণ ও নির্ভুল পলিসি-তথ্য দেওয়ার সিইও-র প্রত্যয়নপত্র সংযুক্ত (৩০(৩))	বছরে অন্তত একবার (অনুমতিসাপেক্ষে ২ বছরের মধ্যে)
৩১	পলিসি ও দাবির রেজিস্টার সংরক্ষণ	চলমান
৩২	নিরীক্ষিত হিসাব ও অ্যাকচুয়ারিয়াল প্রতিবেদন মুদ্রিত আকারে IDRA-তে দাখিল (৪ প্রস্থ)	হিসাব ৬ মাসে; মূল্যায়ন ৯ মাসে; IDRA সর্বোচ্চ ১ মাস বাড়াতে পারে

সিএফও-র শিক্ষা: IDRA-র সময়সীমা (৬ ও ৯ মাস) এবং DSE-র সময়সীমা (নিরীক্ষা ১২০ দিন, লাইফের প্রথম প্রান্তিক ৯০ দিন) আলাদা — দুটোই মেনে বার্ষিক ক্লোজিং ক্যালেন্ডার বানান।

সূত্র: বীমা আইন, ২০১০ — বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ১৮.০৩.২০১০, ধারা ২৬–৩২ (পৃ. ১৬০৯–১৬১১); DSE (Listing) Regulations, ২০১৫, প্রবিধান ১৭ ও ১৮ (পর্ব ০৪)। বাংলা সারসংক্ষেপ প্রস্তুতকারীর।

ধারা ৪১–৪৭: বিনিয়োগ, সলভেন্সি ও ঋণ — সিএফও-র দায়

ধারা ৪১ — সম্পদ বিনিয়োগ

প্রবিধানে নির্ধারিত পদ্ধতিতে বিনিয়োগ; যে প্রতিষ্ঠানে পরিচালক বা তাঁর পরিবারের স্বার্থ আছে তার প্রথম মূলধন ইস্যুতে বিনিয়োগ নিষিদ্ধ

ধারা ৪৩ — সলভেন্সি মার্জিন

প্রবিধানের মার্জিন বজায় রাখতে হবে; ঘাটতিতে IDRA-র নির্দেশে সর্বোচ্চ ৩ মাসে পরিকল্পনা; প্রত্যয়ন: লাইফে অ্যাকচুয়ারি, নন-লাইফে অনুমোদিত নিরীক্ষক

ধারা ৪৪ — ঋণে নিষেধাজ্ঞা

পরিচালক, ব্যবস্থাপক, অ্যাকচুয়ারি, নিরীক্ষক, কর্মকর্তা বা তাঁদের পরিবারকে ঋণ নয় — ব্যতিক্রম কেবল প্রত্যর্পণ মূল্যের মধ্যে পলিসি ঋণ

ধারা ৪৫ — ক্ষতির দায়

জেনেশুনে ধারা ৪৪ লঙ্ঘনে অংশ নিলে পরিচালক, ব্যবস্থাপক বা কর্মকর্তা ক্ষতির জন্য যৌথভাবে ও পৃথকভাবে দায়ী

সতর্কতা: IDRA-র নির্দেশনা ২ মাসের মধ্যে না মানলে সলভেন্সি ঘাটতি "খেলাপি" গণ্য হয় এবং ধারা ৯৫-এ প্রশাসক নিয়োগের পথ খোলে। নিয়ম ভঙ্গ করা ঋণ ৩ মাসের মধ্যে আদায় করতে হবে।

সূত্র: বীমা আইন, ২০১০ — বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ১৮.০৩.২০১০, ধারা ৪১, ৪৩, ৪৪ ও ৪৫; IDRA প্রকাশিত ইংরেজি পাঠের সাথে মেলানো। বিনিয়োগ ও সলভেন্সির বিস্তারিত হিসাব মডিউল ৫-এ।

ধারা ৫৮–৭৩: কমিশন, ব্যবস্থাপনা ব্যয় ও দাবি পরিশোধ

লাইফ এজেন্ট কমিশনের সর্বোচ্চ সীমা — ধারা ৫৮(৩)

প্রিমিয়াম	সাধারণ সীমা	প্রথম ১০ বছরের কোম্পানি
প্রথম বছরের প্রিমিয়াম	৩৫%	৪৫%
দ্বিতীয় বছর (নবায়ন)	১০%	১২%
পরবর্তী বছরসমূহ	৫%	৬%

ধারা ৫৯(৬): ধারা ৫৮–৫৯ লঙ্ঘনে জরিমানা সর্বোচ্চ ১ লক্ষ টাকা।

ব্যবস্থাপনা ব্যয় — ধারা ৬২ ও ৬৩

- সংজ্ঞা: প্রত্যক্ষ বা পরোক্ষ সব ব্যয় (ধারা ৬২-এর ব্যাখ্যা)
- সীমা বিধিমালায়: লাইফ ২০২০, নন-লাইফ ২০১৮ (বিশ্লেষণ পর্ব ০৫-এ)

দাবি পরিশোধ — ধারা ৭২ ও ৭৩

- দাবি প্রাপ্য হওয়া বা সব আনুষ্ঠানিকতা শেষ হওয়ার (যেটি পরে) ৯০ দিনের মধ্যে পরিশোধ
- বিলম্বে সুদ: প্রচলিত ব্যাংক রেটের অতিরিক্ত ৫% হারে, মাসিক ভিত্তিতে — বীমাকারী নিয়ন্ত্রণ-বহির্ভূত কারণ প্রমাণ না করলে
- স্বল্প অঙ্কের দাবির বিরোধ IDRA-তে (ধারা ৭১); বিরোধ নিষ্পত্তি কমিটির সিদ্ধান্তে ক্ষুব্ধ হলে ৩০ দিনে আদালতে (ধারা ৭৩)
- সিএফও-র কাজ: তারল্য পরিকল্পনা, বকেয়া দাবির বয়সভিত্তিক তালিকা ও সুদ-দায়ের সঞ্চিতি

সূত্র: বীমা আইন, ২০১০ — বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ১৮.০৩.২০১০, ধারা ৫৮(৩), ৫৯, ৬২–৬৩ ও ৭১–৭৩ (পৃ. ১৬৩১–১৬৪১); ধারা ৭২-এর বিশ্লেষণ পর্ব ০২-এ; ব্যবস্থাপনা ব্যয় বিধিমালা ২০১৮ ও ২০২০।

ধারা ৭৪–৮১: বোর্ড, সিইও ও উপদেষ্টা

ধারা	বিধান
৭৪	বীমা এজেন্ট, এজেন্ট নিয়োগকারী, জরিপকারী ও ব্রোকারদের পরিচালক হওয়ার যোগ্যতায় বিধিনিষেধ
৭৫	একই শ্রেণির একাধিক বীমাকারী, বা বীমাকারী ও ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে একসাথে পরিচালক হওয়ায় বিধিনিষেধ
৭৬	পরিচালনা পর্ষদ: সর্বোচ্চ ২০ জন — উদ্যোক্তা পরিচালক ১২, জনগণের অংশের শেয়ারহোল্ডার পরিচালক ৬, স্বতন্ত্র ২
৭৭–৭৯	মনোনীত পরিচালক; উপদেষ্টা, নিরীক্ষক, পরামর্শক বা কর্মচারী পরিচালক হতে পারবেন না (৭৮); সহ-সভাপতি একজনের বেশি নয়
৮০	সিইও নিয়োগ ও অপসারণে IDRA-র অনুমোদন; পদ শূন্য সর্বোচ্চ ৩ মাস (+৩ মাস) → প্রবিধানমালা ২০১২
৮১	সর্বোচ্চ ২ জন উপদেষ্টা, IDRA-র অনুমোদনে → উপদেষ্টা নিয়োগ প্রবিধানমালা ২০২৬

বীমা আইন বনাম BSEC

- বীমা আইন (ধারা ৭৬): ২০ জনের বোর্ডে স্বতন্ত্র পরিচালক ২ জন
- BSEC CG কোড (শর্ত ১(২)): স্বতন্ত্র পরিচালক মোট পরিচালকের অন্তত এক-পঞ্চমাংশ — ২০ জনের বোর্ডে ৪ জন
- তালিকাভুক্ত বীমা কোম্পানিকে দুটো একসাথে মানতে হয় — সিএস ও সিএফও-র জন্য পরিচিত অসংগতি

সূত্র: বীমা আইন, ২০১০ — বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ১৮.০৩.২০১০, ধারা ৭৪–৮১ (পৃ. ১৬৪১–১৬৪৩); BSEC CG কোড ২০১৮, শর্ত ১(২); সিইও ও উপদেষ্টা প্রবিধান: পর্ব ০৬।

প্রস্তুতকারী: মোঃ কেরামত আলী এফসিএমএ | ০১৭১৬১৫০১৮০

ধারা থেকে প্রবিধান: আইন কীভাবে মাঠে নামে

ধারা ২১	মূলধন ও শেয়ারধারণ	→	বীমাকারীর মূলধন ও শেয়ারধারণ বিধিমালা, ২০১৬
ধারা ৬২	লাইফ ব্যবস্থাপনা ব্যয়	→	লাইফ ব্যবস্থাপনা ব্যয় বিধিমালা, ২০২০
ধারা ৬৩	নন-লাইফ ব্যবস্থাপনা ব্যয়	→	নন-লাইফ ব্যবস্থাপনা ব্যয় বিধিমালা, ২০১৮
ধারা ৬৭	অ্যাকচুয়ারির নিযুক্তি	→	একচ্যুয়ারির যোগ্যতা ও দায়িত্ব প্রবিধানমালা, ২০২৩
ধারা ৮০	সিইও নিয়োগ ও অপসারণ	→	সিইও নিয়োগ ও অপসারণ প্রবিধানমালা, ২০১২ (সংশোধন ২০২৫)
ধারা ৮১	উপদেষ্টা নিয়োগ	→	উপদেষ্টা নিয়োগ প্রবিধানমালা, ২০২৬

সূত্র মনে রাখুন: ধারা ১৪৬ — সরকার বিধি প্রণয়ন করে; ধারা ১৪৮ — IDRA সরকারের অনুমোদনক্রমে প্রবিধান প্রণয়ন করে।

সূত্র: বীমা আইন, ২০১০, ধারা ১৪৬ ও ১৪৮; গেজেট: এস.আর.ও. ২৯২-আইন/২০২৩ (ধারা ১৪৮ ও ৬৭), ৩৭৫-আইন/২০১২ ও ৪৭৪-আইন/২০২৫ (ধারা ১৪৮ ও ৮০); বিধিমালা ২০১৬: Daily Share Bazar Protidin, ০১.১০.২০১৯; ব্যয় বিধিমালা: পর্ব ০৫।

ধারা ৮২–৯৪: জীবন বীমার বিশেষ বিধান

লভ্যাংশ ও বোনাস (৮২–৮৪)

অংশীদারিত্ব পলিসিতে শেয়ারহোল্ডারের অংশ উদ্বৃত্তের সর্বোচ্চ ১০% (ধারা ৮২(২)-এর শর্তাংশ); অ্যাকচুয়ারির সুপারিশে অন্তর্বর্তী বোনাস (৮৪)

তামাদি নোটিশ ও মনোনয়ন (৮৫–৮৬)

প্রিমিয়াম বকেয়ার ৩ মাসের মধ্যে গ্রাহককে প্রাপ্য সুবিধার নোটিশ (৮৫); গোষ্ঠী বীমায় মনোনয়ন (৮৬)

প্রত্যর্পণ ও বাজেয়াপ্তকরণ (৮৭–৯২)

প্রত্যর্পণ মূল্য অর্জন, গ্রাহক বা বীমাকারীর ইচ্ছায় প্রত্যর্পণ, পরিশোধিত পলিসি, বাজেয়াপ্তকরণ

প্রস্তাবপত্রের অনুলিপি (৯৩–৯৪)

প্রস্তাবপত্র ও মেডিক্যাল রিপোর্টের অনুলিপি সরবরাহ; বিভাজন নীতিতে ব্যবসায় বিধিনিষেধ

বাস্তব উদাহরণ: প্রগতি লাইফ ২০২৫

চলতি বছরের উদ্বৃত্ত	১০৯.৫৫
পলিসিধারীর অংশ (৯০%)	৯৮.৬০
শেয়ারহোল্ডারের অংশ (সর্বোচ্চ ১০%)	১০.৯৬
বোনাস ব্যয়ের সুপারিশ	৪৮.০১
সুপারিশকৃত লভ্যাংশ (২৫%)	৮.১৪

টাকা কোটি। ৯০:১০ বণ্টন ধারা ৮২(২)-এর ১০% সীমার সাথে সংগতিপূর্ণ; অ্যাকচুয়ারির সুপারিশ মিলিয়েই বোর্ড লভ্যাংশ ও বোনাস ঘোষণা করে।

সূত্র: বীমা আইন, ২০১০ — বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ১৮.০৩.২০১০, ধারা ৮২–৯৪ (পৃ. ১৬৪৩–১৬৪৪); প্রগতি লাইফ ইন্স্যুরেন্স পিএলসি, বার্ষিক প্রতিবেদন ২০২৫, "Abstract of Actuarial Valuation for 2025" (পৃ. ১৩০); কোটিতে রূপান্তর প্রস্তুতকারীর।

তদারকি, হস্তক্ষেপ ও দণ্ড: সিএফও-র ব্যক্তিগত ঝুঁকি

ধারা ৪৮–৫১
তদন্ত, পরিদর্শন ও নির্দেশনা

→

ধারা ৪৩ ও ৯৫
সলভেন্সি খেলাপি হলে প্রশাসকের পথ

→

ধারা ৯৫–১০২
প্রশাসক ব্যবস্থাপনা হাতে নেন

→

ধারা ১০৩–১১২
অবলুপ্তি ও দায় মূল্যায়ন

ধারা	কাজ বা ব্যর্থতা	পরিণতি
৪৯(৪)	পরিদর্শনে অসম্মতি বা তথ্য না দেওয়া	৫ লক্ষ টাকা পর্যন্ত; চলমান থাকলে প্রতিদিন আরও ৫ হাজার
১৩০	রিটার্ন দাখিল, নির্দেশ পালন বা সলভেন্সি মার্জিন রক্ষায় ব্যর্থতা	প্রতিটি ব্যর্থতায় ৫ লক্ষ টাকা পর্যন্ত; প্রতিদিন আরও ৫ হাজার
১৩১	দলিল, বিবরণী, হিসাব বা রিটার্নে জেনেশুনে মিথ্যা তথ্য	৩ বছর পর্যন্ত কারাদণ্ড বা ৫ লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ড বা উভয়
১৩৪	পরিচালক, সিইও, ব্যবস্থাপক বা কর্মকর্তার বিধান লঙ্ঘন	ব্যক্তিগত জরিমানা ৫০ হাজার–১ লক্ষ টাকা; প্রতিদিন আরও ৫ হাজার

মনে রাখুন: ধারা ১৩১ ও ১৩৪-এর দণ্ড ব্যক্তির ওপর, কারাদণ্ডসহ — তাই প্রতিটি IDRA রিটার্নে সিএফও-র যাচাই-স্বাক্ষর আত্মরক্ষারও উপায়।

সূত্র: বীমা আইন, ২০১০ — বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ১৮.০৩.২০১০, ধারা ৪৩, ৪৮–৫১, ৯৫ (পৃ. ১৬২১ ও পরবর্তী) এবং ১৩০, ১৩১ ও ১৩৪ (পৃ. ১৬৬৬–১৬৬৭)। আরও: ধারা ১৩২ — কয়েকটি ধারা লঙ্ঘনে ৫ লক্ষ; ধারা ১৩৩ — প্রলুব্ধকরণে ১০ লক্ষ বা ৩ বছর।

প্রস্তুতকারী: মোঃ কেরামত আলী এফসিএমএ | ০১৭১৬১৫০১৮০

তৃতীয় থেকে সপ্তম অধ্যায়: যা জানা দরকার

তৃতীয় অধ্যায় (১১৬–১২৩)	মিউচ্যুয়াল বীমা কোম্পানি ও সমবায় বীমা সমিতি: চলতি মূলধন, জামানত, ঋণে বিধিনিষেধ
চতুর্থ অধ্যায় (১২৪–১২৯)	মধ্যস্থতাকারী: এজেন্ট ও এজেন্ট নিয়োগকারী নিয়োগ, ব্রোকার ও জরিপকারীর লাইসেন্স, দ্বিতীয় জরিপ
পঞ্চম অধ্যায় (১৩০–১৪২)	অপরাধ ও দণ্ড: জরিমানা, মিথ্যা তথ্য, বিভ্রান্তিকর আশ্বাস, অবৈধ সম্পত্তি, বিচার ও আপিল
ষষ্ঠ অধ্যায় (১৪৩–১৫৯)	বিবিধ: বিধি ও প্রবিধান (১৪৬, ১৪৮); বার্ষিক নিট প্রিমিয়ামের সর্বোচ্চ ০.৫% কর (১৫৫); লাইফ ইন্স্যুরেন্স গ্রাহক নিরাপত্তা তহবিল (১৫৬); গোপনীয়তা (১৫৮)
সপ্তম অধ্যায় (১৬০)	রহিতকরণ ও হেফাজত: ১৯৩৮-এর আইন রহিত; আগের কার্যক্রম হেফাজত

সূত্র: বীমা আইন, ২০১০ — বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ১৮.০৩.২০১০, তৃতীয়–সপ্তম অধ্যায় (পৃ. ১৬৫৯–১৬৭৬); ধারা ১৫৫–১৫৬: পৃ. ১৬৭৫। এজেন্ট ও ব্রোকার বিষয়ে বিস্তারিত মডিউল ২-এর পরবর্তী পর্বে।

সংস্কারের পথে: সিএফও-র নজরদারি তালিকা

IDRA-র প্রস্তাবিত সংশোধন

১৬০টি মূল ধারার ৬১টি পরিবর্তন বা প্রতিস্থাপন এবং ৬৪টি নতুন ধারা যোগের প্রস্তাব; তফসিল-১ বিলোপের প্রস্তাব

সিএফও-সংশ্লিষ্ট প্রস্তাব

চেয়ারম্যান, সিএফও, অতিরিক্ত এমডি ও কোম্পানি সচিব নিয়োগে কর্তৃপক্ষের ভূমিকা — শিল্পখাত সুশাসনের সংঘাত নিয়ে আপত্তি তুলেছে

খসড়া পর্যালোচনা

১৯.০১.২০২৬: আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (FID) বীমা আইন সংশোধন ও Insurer Resolution Ordinance-এর খসড়া নিয়ে সভা আহ্বান করে; BIA নির্বাচন পর্যন্ত পেছানোর অনুরোধ জানায়

পাস হওয়া সংশোধন

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬ — ২০২৬ সনের ৯৪ নং আইন, গেজেট ০৪.০৫.২০২৬ (বিস্তারিত পর্ব ০৯-এ)

বর্তমান অবস্থা: বীমা আইন, ২০১০-এর কোনো সংশোধনী আইন এখনো পাস হয়েছে বলে প্রকাশিত সূত্রে পাওয়া যায়নি। খসড়া পাস হলে মূলধন, পরিচালনা ও নিয়োগ — তিন ক্ষেত্রেই সিএফও-র কাজ বদলাবে; তাই গেজেট নিয়মিত দেখুন।

সূত্র: Insurance News BD, "Insurance act 2010" (article 6300) ও "FID calls meetings on insurance reform...", ১৯.০১.২০২৬ (article 6339); লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, "২০২৬ সনে প্রণীত আইনসমূহ" (legislativediv.gov.bd); অবস্থা ০৫.১১.২০২৬ পর্যন্ত।

সম্ভাব্য ইন্টারভিউ প্রশ্ন

1. বীমা আইন, ২০১০-এর কোন ধারায় IDRA-তে হিসাব ও অ্যাকচুয়ারিয়াল প্রতিবেদন দাখিলের সময়সীমা দেওয়া আছে?
2. কোম্পানির অ্যাকচুয়ারিকে কি পলিসি ঋণ দেওয়া যায়? কোন ধারা?
3. সলভেন্সি ঘাটতি থেকে প্রশাসক নিয়োগ পর্যন্ত আইনি ধাপগুলো কী?
4. ধারা ১৪৬ ও ১৪৮-এর পার্থক্য কী?

পরবর্তী পর্ব — ০৮

নিবন্ধন, মূলধন ও জামানত: ধারা ৮–২৫ এবং মূলধন ও শেয়ারধারণ বিধিমালা

দায়মুক্তি (Disclaimer)

- এই সিরিজ সম্পূর্ণ শিক্ষামূলক ও জ্ঞান বিনিময়ের উদ্দেশ্যে প্রস্তুত। এটি কোনো চাকরি, নিয়োগ, পদোন্নতি বা IDRA-র অনুমোদন প্রাপ্তির নিশ্চয়তা বা প্রতিশ্রুতি নয়।
- এটি আইনগত, কর, বিনিয়োগ বা পেশাগত পরামর্শ নয়; আইনের সারসংক্ষেপ প্রস্তুতকারীর — প্রয়োগের আগে সর্বশেষ সংশোধনসহ মূল পাঠ দেখুন।
- তথ্য ০৫.১১.২০২৬ পর্যন্ত প্রকাশিত সূত্রের ভিত্তিতে। মতামত প্রস্তুতকারীর ব্যক্তিগত — কর্মরত প্রতিষ্ঠান বা ICMAB-এর নয়।

«ঝুঁকি বুঝি, আস্থা গড়ি»

#RoadToInsuranceCFO

মোঃ কেরামত আলী এফসিএমএ
নির্বাহী পরিচালক, সিএফও ও কোম্পানি সচিব, BLING Leather Products Ltd. | ফেলো, ICMAB
ব্যবহারিক সহায়তার জন্য মোবাইল: ০১৭১৬১৫০১৮০